# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/Standing-1/২০১৯/ ৩১৩/১ তারিখঃ ১১।১২।১৯ইং

## নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানীত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী আগামী ১১/১২/২০১৯ ইং তারিখ রোজ বুধবার বেলা ১২:০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে ।

উক্ত সভায় সম্মানীত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয়সমূহঃ- ১) বিগত সভার কার্য বিবরনী পাঠ ও বিতরন।
২) শিশু শ্রমের কুফল এবং শিশু শিক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৩) বিবিধ।

১১।১২।১৯

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর -২
ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

প্রাপকঃ জনাব--------------------------------

--------------------------------

সদস্য/ সদস্য-সচিব
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা ,গোপালগঞ্জ।
৩। সহকারী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। হিসাব রক্ষক, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৫। সংশিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com


## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভায়

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ ২৯।১২।১৯ইং, সকাল ঃ ২২.০০ ঘটিকা

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সালেহা বেগম | সভাপতি | ২৯।১২।১৯ইং |
| ০২ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | সদস্য | |
| ০৩ | জনাব রুবিয়া বেগম | সদস্য | ২৯।১২।১৯ইং |
| ০৪ | জনাব রাবেয়া বেগম | সদস্য | ২৯।১২।১৯ইং |
| ০৫ | জনাব নাসির উদ্দিন সরদার | সদস্য | ২৯।১২।১৯ইং |
| ০৬ | জনাব সঞ্জয় কুমার মজুমদার | সদস্য | ২৯।১২।১৯ইং |
| ০৭ | জনাব শিরিন আক্তার | সদস্য-সচিব | ২৯।১২।১৯ইং |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

## কোটালীপাড়া, গোপালগঞ্জ।

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব সালেহা খানম, কাউন্সিলর সংরক্ষিত ওয়ার্ড -২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।
স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ ঃ ১১/১২/২০১৯ খ্রিঃ।
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম (সর্ব জনাব) স্বাক্ষর ক্রমানুসারে

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০২ | জনাব রুবিয়াা বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৩ | জনাব রাবেয়া বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৩, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৪ | জনাব নাসির উদ্দিন সরদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-০১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৫ | জনাব সঞ্জয় কুমার মজুমদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৬ | জনাব শিরিন আক্তার | উচ্চমান সহকারী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব সালেহা খানম, কাউন্সিলর ,সংরক্ষিত ওয়ার্ড -২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারীবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী কার্য বিবরনী পাঠ ও অনুমোদন। | গত সভার কার্যবিবরনী পাঠ করা হলো এবং বিস্তারিত আলোচনা করা হলো। | কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। |
| | শিশু শ্রমের কুফল এবং শিশু শিক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি জনাব সালেহা খানম বলেন - আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ। শিশুরা হল নরম কাদার মতো তাদেরকে যেমনকরে তৈরী করা হবে তারা ঠিক সেভাই গড়ে উঠবে। আমরা যদি তাৎক্ষনিক লাভের আশায় শিশুদেরকে শ্রমিকের কাজে পাঠাই বা দেই তাহলে একদিকে যেমন ওই শিশুটির জীবন হুমকির মুখে পড়বে পাশাপাশি ভবিষ্যৎ প্রজন্ম ধীরে ধরী হবে মেধা শূন্য। আর একটি জাতি বা দেশ মেধাহীন ভাবে কথনো পৃথীবির বুকে টিকে থাকতে পারে না। তাই এখনই সময় শত কষ্ট হলেও শিশুর শিক্ষা নিশ্চিত করতে হবে। আর এবিষয়ে বর্তমান সরকার খুবই আন্তরিক। স্কুলে পাঠানো দায়িত্ব আপনার বাকি দায়িত্ব সরকারের। মনে রাখতে হবে শিশুর সুশিক্ষার কোন বিকল্প নাই। বাংলাদেশকে উন্নত, সমৃদ্ধশালী এবং সফল রাষ্ট্রে পরিণত করতে হলে শিক্ষকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে।<br><br>কোটালীপাড়া পৌরসভার সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলার- ৩, জনাব রাবেয়া বেগম বলেন- শিশুরাই আমাদের ভবিষ্যৎ। একটি শিশুর প্রকৃত মানবসন্তান হিসেবে সুন্দরভাবে বেড়ে ওঠার জন্য তার কিছু মৌলিক অধিকার রয়েছে। এ সকল অধিকার রক্ষা করা আমাদের সকলের দায়িত্ব। প্রতিদিনই অসংখ্য শিশু নানাভাবে অবহেলা, নির্যাতন এবং নিপীড়নের শিকার হচ্ছে এবং তাদের অধিকার লঙ্ঘিত হচ্ছে। আমরা অনেকে জেনে বা না জেনে শিশুদের অধিকার উপেক্ষা করে যাচ্ছি। শিশুদের অধিকার রক্ষায় বাংলাদেশের সংবিধানে দিক নির্দেশনা দেওয়া হয়েছে। বিভিন্ন আইন ও নীতি প্রণয়ন করা হয়েছে এবং বিভিন্ন আন্তর্জাতিক কনভেনশন ও চুক্তি সম্পাদিত হয়েছে। এ সকল আইন, নীতিমালা এবং কনভেনশন সম্পর্কে আমরা সকলে অবগত নই। শিশুদের অধিকার লঙ্ঘনের ক্ষেত্রে কী কী প্রতিকার রয়েছে তাও আমাদের সকলের জানা নেই। শিশুদের কল্যাণের কথা বিবেচনা করে শিশুদের সাথে সম্পৃক্ত আইন, বিধি-বিধান এবং আন্তর্জাতিক ডকুমেন্ট সম্পর্কে আমাদের জানা প্রয়োজন। | শিশু শ্রমের কুফল এবং শিশু শিক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে সকলকে সচেতন করার প্রয়োজনীয় দপক্ষেপ গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | পাশাপাশি আমাদের সকলকে শিশু শিক্ষার বিষয়ে গুরুত্ব দিতে হবে। | |
| ০৩ | বিবিধ | বিবিধে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

১১/১২/১৯

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর-২ ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
২। জনাব........................................ নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি,
৩। ..................................................
৪। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

১১/১২/১৯

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর-২ ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।